



আন্তর্জাতিক বঙ্গসাহিত্য সম্মেলন ২০১৮-র পক্ষ থেকে এক বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় গত ৪ মার্চ, ২০১৮ (রবিবার) ভারতসভা হল-এ। অনুষ্ঠানের সময়সূচি ছিল বিকেল ৫টা থেকে রাত্রি ৮.৩০— যদিও কিছুটা বিলম্বে শুরু হওয়ার কারণে চলে রাত্রি ৯.৩০ পর্যন্ত।

সভাপতি—অধ্যাপক অনাথবন্ধু দে, সম্পাদক শ্রী নির্মল ব্রহ্মচারী, সহ সা. সম্পাদক—পরিমল রায় এবং কর্মাধ্যক্ষ আশীষ দত্তের সামগ্রিক তত্ত্বাবধানে অনুষ্ঠানটি পরিচালিত হয়।

অনুষ্ঠানের শুরুতেই সমবেত উদ্বোধনী সংগীত পরিবেশন করেন সাংস্কৃতিক সম্পাদিকা দীপা দাসের পরিচালনায় চন্দ্রা মহলানবীশ, শ্যামলী মজুমদার, ব্রতী সুর, মধুমিতা ঘোষ ও দেবশ্রী মুখোপাধ্যায়।

সমগ্র অনুষ্ঠানে সঞ্চালকের ভূমিকায় ছিলেন পার্থ প্রতিম পাঁজা ও শ্রীমতী দীপা দাশ। অনুষ্ঠানের মাঝে মধ্যে কিছু গুরুত্বপূর্ণ ঘোষণায় ছিলেন ড. রমজান আলি।

সভাপতি হিসেবে অধ্যাপক অনাথবন্ধু দে-র প্রারম্ভিক ও সংক্ষিপ্ত ভাষণের পর অনুষ্ঠিত হয় গুণীজন সংবর্ধনা। উপস্থিত গুণীজনদের মধ্যে ছিলেন ঋষি মিত্র, অধ্যাপক তিমির বরণ চক্রবর্তী, অশোক কুমার রায়, সাংবাদিক তিমির বসু ও কবি কৃষ্ণ বসু।

সম্পাদক নির্মল ব্রহ্মচারী তাঁর স্বাগত ভাষণে উপস্থিত গুণীজনদের প্রত্যেকের স্ব স্ব ক্ষেত্রে তাঁদের নিজস্ব অবদানের কথা উল্লেখ করেন। সেইসঙ্গে বাংলা ভাষা ও সাহিত্যের জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে প্রসার ও প্রচারের ওপর যথোচিত গুরুত্ব আরোপ করেন। গুণীজনদের প্রত্যেককেই উত্তরীয়, স্মারক ও নতুন প্রকাশিত গ্রন্থগুলি দিয়ে সম্মানিত করা হয়। এর পর গুণীজন-রা সকলেই আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন প্রতুল মুখোপাধ্যায়, স্বপন গুপ্ত। লোকসংগীত পরিবেশন করেন শিবাশিস দত্ত, দীপেন ভট্টাচার্য ও আমনরূপ দত্ত। গণসংগীত পরিবেশন করেন নীতিশ রায় ও সম্প্রদায়। বাচিক শিল্পীদের মধ্যে ছিলেন সুপর্ণা মাঝি, রুমা বর্মণ, শম্পা দাস, বন্দনা বিশ্বাস, নন্দা ও কাকলী দাসগুপ্তা প্রমুখেরা। এছাড়াও নজরুল গীতি পরিবেশন করেন সাধনা রায়, অরণ্য চৌধুরী (বাংলাদেশ)।

২৮ জানুয়ারি ২০১৮-তে অনুষ্ঠিত বঙ্গসাহিত্য সম্মেলন উপলক্ষে যে কবিতা সংকলন প্রকাশিত হয়েছে তার মধ্যে থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী কবিদের নাম ঘোষণা করা হয়। প্রথম হয়েছেন উৎপল কুমার গুপ্ত—দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছেন যথাক্রমে রামচন্দ্র ধাড়া ও চন্দন চৌধুরী। নির্বাচক মণ্ডলীতে ছিলেন রাণা চট্টোপাধ্যায়, কেপ্ত চট্টোপাধ্যায় ও কৃষ্ণ বসু।

গ্রন্থ প্রকাশ অনুষ্ঠানে ছিল সদ্য প্রকাশিত রবীন্দ্রনাথ ঠাকুরের ‘রাশিয়ার চিঠি’, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘পথের দাবী’, রানা দাস রচিত ‘অল্প কথায়’ ও রণেশ রায় রচিত ‘বিস্কর ভারত’ গ্রন্থগুলি।

সভাশেষে সবাইকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষিত হয়।